মেহেরপুর প্রতিদিনের” অভ্যন্তরিন নিরীক্ষা ও অফিস পরিদর্শন করলেন

জেলার একমাত্র সরকারি মিডিয়া তালিকাভূক্ত দৈনিক “মেহেরপুর প্রতিদিনের” অভ্যন্তরিন নিরীক্ষা ও অফিস পরিদর্শন করেন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পরিচালক (বিজ্ঞাপনও নিরীক্ষা) রোকসানা আক্তারের নেতৃত্বে একটি টিম।
আজ শুক্রবার (২০ মে) দিনব্যাপি মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে এসে বিভিন্ন খাতাপত্র নিরীক্ষা ও অফিস পরিদর্শন করেন তারা।
এসময় উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) তৌফিকুল ইসলাম, ইন্সপেক্টর অ, ফ, ম মঈনুল ইসলাম ও অফিস সহকারী আবুল কালাম আজাদ উপস্থিত ছিলেন।
এদিকে অফিসে পৌছালে মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু তাদের ফুলেল শুভেচ্ছা জানান। এসময় বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, প্রতিবেদক সিরাজুদ্দোজা পাভেল, এস এ সাদিক, সাকিব হাসান রুদ্র ও অফিস সহকারী আসিফ ইকবাল শুভ উপস্থিত ছিলেন।
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পরিচালক (বিজ্ঞাপনও নিরীক্ষা) রোকসানা আক্তার অফিস পরিদর্শনের সময় অফিস ব্যবস্থাপনা ও খাতা পত্র দেখে সন্তোষ প্রকাশ করেন। তিনি মেহেরপুর প্রতিদিনের সার্বিক মঙ্গল ও সফলতা কামনা করেন।

স্বল্প পরিসরে পালিত হলো ‘মেহেরপুর প্রতিদিন’ এর ২য় প্রতিষ্ঠা বার্ষিকী

মেহেরপুর প্রতিদিন এর দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। গতকাল মঙ্গলবার মেহেরপুর প্রতিদিন এর প্রধান কার্যালয়ে স্বল্প

পরিসরে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

এ উপলক্ষে প্রতিনিধি ও পেপার বিলিকারকদের নিয়ে ইফতার মাহফিলের আয়োজন করা হয়। গত ২৬ মার্চ মেহেরপুর প্রতিদিন এর দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালন হওয়ার কথা থাকলেও করোনা পরিস্থিতির কারনে পালন করা হয়নি। করোনা পরিস্থিতিতি কবে নাগাদ স্বাভাবিক হবে সঠিক তথ্য না থাকায় সামাজিক ও শারিরীক দুরুত্ব বজায় রেখে শুধু ইফতার মাহফিলের মধ্য দিয়ে দিনটি পালন করা হয়।

প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পত্রিকার প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিন এর যুগ্ম সম্পাদক আল-আমিন, চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক, স্টাফ রিপোর্টার এ শাহীন সিদ্দিকী, আক্তার হোসেন, শহিদুল ইসলাম, পারভেজ, বাসারুল, ফয়সাল, পিয়াল, রনি, মিন্টু সহ প্রত্রিকা সংস্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।